গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

নম্বর- এইচএসপি/সামাজিক নিরাপত্তা কর্মসূচি/২১৩/২০২৪/১১৪ তারিখ: ০৪.০৫.২০২৫ খ্রি.

**বিষয়: HSP-MIS সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি হতে নির্বাচিত সুবিধাভোগী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফিসহ অন্যান্য আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে HSP-MIS সফটওয়্যার ব্যবহার করা হয়।

০২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক HSP-MIS সফটওয়্যারে ইউজার প্রোফাইলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সঠিক তথ্য এবং মোবাইল নম্বর আপডেট করার পর HSP-MIS এ লগইন করার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো-

ক) www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। মেনুবারের **"ই-সেবা"** বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করুন; অথবা HSP-MIS এর URL (লিংক): hsp.pmeat.gov.bd/HSP-MIS/login ব্যবহার করুন।

খ) HSP-MIS এর লগইন পেইজে সঠিক EIIN NO/ইউজার আইডি, পাসওয়ার্ড এবং ক্যাপচা প্রদান করে লগইন বাটনে ক্লিক করুন। লগইন এ ক্লিক করলে HSP-MIS সফটওয়্যারের ইউজার প্রোফাইলে প্রদত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে সংক্রিয়ভাবে ০১ টি OTP যাবে। HSP-MIS সফটওয়্যারের নির্ধারিত স্থানে OTP টি প্রদান করে যাচাই বাটনে ক্লিক করে লগইন করুন।

**০৩। অপরদিকে, পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেলে করণীয়-**

ক) পাসওয়ার্ড ভুলে গেলে অথবা পাসওয়ার্ড এর মেয়াদ শেষ হয়ে গেছে মর্মে লগইন পেইজে মেসেজ প্রদর্শিত হলে HSP-MIS সফটওয়্যারের লগইন পেইজে "পাসওয়ার্ড ভুলে গেছেন" বাটনে ক্লিক করুন।

খ) সঠিক ইউজার নেইম/EIIN NO প্রদান করে OTP Send বাটনে ক্লিক করুন।

গ) পরবর্তীতে HSP-MIS সফটওয়্যারে ইউজার প্রোফাইলে প্রদত্ত মোবাইল নম্বরে সংক্রিয়ভাবে প্রেরিত OTP প্রদান করে সফটওয়্যারে প্রদর্শিত নির্দেশনা মোতাবেক নতুন ০১ টি পাসওয়ার্ড তৈরি করে নতুন পাসওয়ার্ড ও একই পাসওয়ার্ড কনফার্ম পাসওয়ার্ড হিসাবে প্রদান করে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

ঘ) তৈরিকৃত নতুন পাসওয়ার্ড ব্যবহার করে অত্র পত্রের ২ (খ) এর নির্দেশনা অনুযায়ী HSP-MIS এ লগইন করুন।

০৪। উল্লেখ্য, HSP-MIS সফটওয়্যারে ৫ (পাঁচ) বারের বেশি ভুল পার্সওয়াড দিয়ে লইগন করার চেষ্টা করলে উক্ত ইউজার **স্বয়ংক্রিয় ভাবে 'লক' হয়ে যাবে।** লককৃত ইউজার সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময়ের মধ্যে আর লগইন করার চেষ্টা করতে পারবে না। সর্বনিম্ন ১ (এক) ঘন্টা সময় অতিবাহিত হওয়ার পর পুনরায় সঠিক পার্সওয়াড দিয়ে লগইন করতে পারবে।

০৫। আরও উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যারে লগইন করার সময় সংশ্লিষ্ট ইউজারের মোবাইল নম্বরে প্রেরিত OTP নম্বর ৫ (পাঁচ) বারের বেশি ভুল প্রদান করে লগইন করার চেষ্টা করলে উক্ত ইউজার HSP-MIS সফটওয়্যারে **স্বয়ংক্রিয় ভাবে নিষ্ক্রিয় হয়ে যাবে।** সে ক্ষেত্রে উক্ত ইউজার পরবর্তীতে HSP-MIS এ লগইন করতে পারবে না।

০৪/০৫/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

HSP File New(25)-98

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

১২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

১৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে নোটিশ বোর্ডে প্রকাশ করার অনুরোধসহ)।

১৬। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।